দৈনিক সংবাদ

৮।

তারিখ 21 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ১

# প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের হাতে এখনো বই পৌঁছেনি

মির্জাপুর (টাঙ্গাইল), ২০শে জুন (নিজস্ব সংবাদদাতা)।– শিক্ষাবর্ষের প্রায় ৬ মাস পরও কালিয়াকৈর থানার প্রায় অর্ধেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা একটি বিষয়ের বই পায়নি বলে নির্ভরশীল একটি সূত্র থেকে জানা গেছে।

নির্ভরশীল ওই সূত্রটি জানান যে, এ থানার সূত্রাপুর, চাপাইর, কালিয়াকৈর, আটাবহ, গোসাত্রা, সাবাজপুর, মৌচাক, ফুলবাড়িয়া, বরইবাড়ি, শফিপুর, শ্রীফলতলি, বোয়ালি এবং থানা শিক্ষা অফিসসংলগ্ন লতিফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন বিদ্যালয়ে অধ্যয়নরত তৃতীয় শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে আজ পর্যন্ত 'হিন্দু ধর্ম শিক্ষা'' বিষয়ক বইটি সরবরাহ করা সম্ভব হয়নি। এদিকে এই বইটি ছাড়াই এসকল বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা চলছে বলে ওই সূত্রটি উল্লেখ করেন।

এ ব্যাপারে কালিয়াকৈর থানা শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন যে, 'হিন্দু ধর্ম শিক্ষা' বইটি সরবরাহের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বারবার লিখিতভাবে আবেদন জানানো হয়েছে। কিন্তু সরবরাহ না আসায় তৃতীয় শ্রেণীতে অধ্যয়নরত বেশকিছু সংখ্যক ছাত্রছাত্রীকে এখন পর্যন্ত ওই বইটি দেয়া সম্ভব হচ্ছে না বলে তিনি 'সংবাদ'–কে জানিয়েছেন।